

## নিঃ ৮২ আল-আ'ফঊ وُغُوُّ

## অর্থ

পরম-উদার, শাস্তি মউকুফকারী, গুনাহ ক্ষমাকারী, পাপ মোচনকারী

## English

- □ Al-'Afuww
- The One with wide forgiveness.
- The Forgiver, the effacer, the Pardoner

## ব্যাখ্যা

الُفَفُوُّ আল-'আফুউ[1]: আল-'আফুউ (শাস্তি মউকুফকারী, গুনাহ ক্ষমাকারী, পাপ মোচনকারী)[2], আল-গাফূর (মার্জনাকারী, অতীব ক্ষমাশীল)[3], আল-গাফফার (অতি ক্ষমাশীল, পরম ক্ষমাশীল) | Al
□Af□w | The Pardoner

আল-'আফুউ (শান্তি মউকুফকারী, গুনাহ ক্ষমাকারী, পাপ মোচনকারী), আল-গাফূর (মার্জনাকারী, অতীব ক্ষমাশীল), আল-গাফফার (অতি ক্ষমাশীল, পরম ক্ষমাশীল) হলেন তিনি যিনি সর্বদা ক্ষমাকারী ও গুনাহ মার্জনাকারী হিসেবে সুপরিচিত এবং বান্দা গুনাহ মাফকারী গুণে গুণান্বিত। সকলেই তাঁর ক্ষমা ও মার্জনার প্রতি মুখাপেক্ষী ও নিরুপায়; যেমনিভাবে সবাই তাঁর রহমত ও দানের প্রতি অভাবী ও নিরুপায়। যারা ক্ষমা ও মার্জনার কাজ করবে তাদেরকে তিনি ক্ষমা ও মার্জনা করবেন বলে ওয়াদা করেছেন। আল্লাহ তা'আলা বলেছেন,

﴿ وَإِنِّي لَغَفَّارا ؟ لِّمَن تَابَ وَءَامَنَ وَعَمِلَ صَلِّحًا ثُمَّ ٱها ٓ تَدَىٰ٨٢ ﴾ [طه: ٨٦]

"আর অবশ্যই আমি তার প্রতি ক্ষমাশীল, যে তাওবা করে, ঈমান আনে এবং সৎকর্ম করে অতঃপর সৎ পথে চলতে থাকে।" [সূরা ত্বা-হা, আয়াত: ৮২][4]

[1] আল্লাহ তা'আলা বলেছেন,

﴿إِنَّ ٱللَّهَ لَعَفُوٌّ غَفُور ١٠٠﴾ [الحج: ٦٠]



"নিশ্চয় আল্লাহ পাপ মোচনকারী, অতীব ক্ষমাশীল।" [সূরা আল-হাজ্জ, আয়াত: ৬০]

- [2] এ নামের বিস্তারিত আলোচনা 'আল-হালীম' নামের সাথে আলোচনা করা হয়েছে।
- [3] 'আল-গাফূর' নামের আলোচনায় এ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হবে।
- [4] আত-তাফসীর, ৫/৬২৩।

**𝚱** Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=82

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন